

ভ্যাটে বাড়ছে মেট্রোরেলের ভাড়া

- A Monitor Desk Report

Date: 05 April, 2024



ঢাকা: মেট্রোরেলের টিকিটের ওপর বর্তমানে ভ্যাট মওকুফ সুবিধা শেষ হচ্ছে আগামী ৩০ জুন। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড অব্যাহতির মেয়াদ শেষে ভ্যাট আরোপ না করতে এনবিআরকে অনুরোধ করেছিল; কিন্তু এনবিআর এই মওকুফ সুবিধা আর অব্যাহত রাখতে আগ্রহী নয়।

ফলে আগামী ১ জুলাই থেকে মেট্রোরেলের টিকিটে ১৫ শতাংশ ভ্যাট বসছে। বৃহস্পতিবার (৪ এপ্রিল) এই আদেশ জারি করেছে এনবিআরের ভ্যাট বিভাগ। এ সংক্রান্ত চিঠি ডিএমটিসিএলের এমডিকেও পাঠানো হয়।

চিঠিতে বলা হয়েছে, রূপকল্প ২০৪১ অনুযায়ী উন্নত দেশের কাতারে শামিলের লক্ষ্যে দেশে বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কার্যক্রম চলমান রয়েছে। উন্নয়নের বিপুল কর্মসম্পন্ন অর্থের জোগান অব্যাহত রাখাসহ দেশকে এলডিসি থেকে গ্র্যাজুয়েশন এবং কর-জিডিপি অনুপাতে কাক্সিক্ষিত মাত্রায় উন্নীত করতে বিভিন্ন খাত থেকে কর অব্যাহতি সুবিধা ক্রমান্বয়ে প্রত্যাহার করা হচ্ছে। সেজন্য আগামী ৩০ জুন পর্যন্ত থাকা ভ্যাট অব্যাহতির মেয়াদ শেষে পুনরায় অব্যাহতি প্রদানে এনবিআর অপারগতা জ্ঞাপন করছে।

-B